



বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়
VIDYASAGAR UNIVERSITY
Question Paper

B.A. General Examinations 2022

(Under CBCS Pattern)

Semester - VI

Subject : BENGALI

Paper : GE 2-T

Full Marks : 60

Time : 3 Hours

Candidates are required to give their answers in their own words as far as practicable.

The figures in the margin indicate full marks.

Ekanko Natok O Goyenda Kahini

বিভাগ - ক

- (ক) যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০
১. 'শিককাবাব' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো। ১০
 ২. একাঙ্ক নাটক কাকে বলে? একাঙ্ক নাটকের আঙ্গিকগত বৈশিষ্ট্যের নিরিখে মন্থরায়ের 'রাজপুরী' নাটকটি বিশ্লেষণ করো। ১০
 ৩. 'এক পশলা বৃষ্টি' নাটকের সংলাপের সার্থকতা বিচার করো। ১০
 ৪. 'শিককাবাব' নাটকের জমিদার ও পান্নালাল চরিত্রদুটি একাঙ্ক নাটকের চরিত্র হিসেবে কতখানি সার্থক হয়ে উঠেছে, তা আলোচনা করো। ১০

৫. গোয়েন্দা সাহিত্যের সাধারণ লক্ষণগুলির নিরিখে 'শজারুর কাঁটা' কতখানি সার্থক গোয়েন্দা কাহিনি হয়ে উঠেছে, তা আলোচনা করো। ১০

বিভাগ - খ

(খ) যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১. 'রাজপুরী নাটকে কবিশেখর চরিত্রটির গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো। ৫
২. 'দেবী' নাটকের শুখনী চরিত্রের প্রয়োজনীয়তা কতখানি, তা সংক্ষেপে আলোচনা করো। ৫
৩. 'আরে ছি ছি জীবনধন, তুমি করছ কি, কাঁচা মাংসগুলো চিবুচ্ছ? রক্ত বেরুচ্ছে যে ঠোঁটের দুপাশ দিয়ে!'—বক্তা কে? মন্তব্যটির প্রাসঙ্গিকতা বিচার করো। ১+৪
৪. 'এক পশলা বৃষ্টি' নাটকের সরমা চরিত্রটির গুরুত্ব বিচার করো। ৫
৫. 'শজারুর কাঁটা' কাহিনিতে দীপা-দেবশিস উপাখ্যানের প্রয়োজনীয়তা কতখানি, তা আলোচনা করো। ৫
৬. 'শজারুর কাঁটা' নামক গোয়েন্দা কাহিনির খল চরিত্র প্রবালের কার্যকলাপ সংক্ষেপে আলোচনা করো। ৫

বিভাগ - গ

(গ) যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

১. 'শিক কাবাব' নাটকের শেষে কোন চরিত্রটি আত্মহত্যার পথ বেছে নিয়েছে? দু-একটি বাক্যে তার পরিচয় দাও। ২
২. 'সময় বহিয়া যায় নদীর স্রোতের প্রায়'—'শিককাবাব' নাটকে কে, কোন প্রসঙ্গে এই উক্তিটি করেছে? ২
৩. 'আমি তো কষ্ট দিতে চাই না। তবু যে কি রকম হয়, আমার মাথার ঠিক থাকে না,'—'এক পশলা বৃষ্টি' নাটকে কে, কোন প্রসঙ্গে এই উক্তিটি করেছে? ১+১
৪. 'এক পশলা বৃষ্টি' নাটকে কে খোকার পরীক্ষায় পাশ করার সংবাদ এনেছিল? খোকার পাশ করার আনন্দে খুকি তার দাদার কাছে কী আন্দার করেছিল? ১+১
৫. মন্থ রায়ের 'রাজপুরী' নাটকটি প্রথম কত সালে, কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল? ২
৬. 'রাজপুরী' নাটকে কোশলরাজ প্রসেনজিৎ রাজকন্যা হিসেবে কাকে বিবাহ করেছিল? বিবাহের কত বছর পর সে রাণীর আসল পরিচয় জানতে পেরেছিল? ১+১

৭. 'এক জাতের লোক আছে তারা শুধু চাঁদের কলঙ্কই দেখে, চাঁদ দেখতে পায় না।'—বক্তা কে? সে কোন প্রসঙ্গে এই কথা বলেছে? ২
৮. 'শজারুর কাঁটা' গোয়েন্দা আখ্যানে দেবশিস চরিত্রটির শজারুর কাঁটার আঘাত সত্ত্বেও প্রাণে বেঁচে যাওয়ার কারণটি লেখো। ২
-

Vidyasagar University

Or,

Paper - GE 2-T

Probhondo O Sahityer Rupriti-Bichar Padhati

বিভাগ - ক

(ক) যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

১. 'বাবু' প্রবন্ধ অনুসরণে বাবুদিগের প্রতি প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্রের তির্যক মনোভঙ্গির পরিচয় দাও। ১০
২. 'সৌন্দর্যমূর্তিই মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তিই সৌন্দর্যের পূর্ণ স্বরূপ।'—'সৌন্দর্যবোধ' প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটি পর্যালোচনা করো। ১০
৩. 'বইপড়া' প্রবন্ধে প্রমথ চৌধুরী বইপড়া, সাহিত্যচর্চা ও গ্রন্থাগার বিষয়ে যে মতগুলি উল্লেখ করেছেন, তা লেখো। ১০
৪. আধুনিক সাহিত্য আন্দোলনে রোমান্টিসিজমের উদ্ভবের প্রেক্ষাপট ও তাত্ত্বিক দিকগুলির পরিচয় দাও। ১০
৫. গীতিকবিতার সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করে একটি সার্থক গীতিকবিতা বিশ্লেষণ করো। ১০

বিভাগ - খ

(খ) যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

১. 'বই পড়া' প্রবন্ধে প্রাবন্ধিক বই পড়ার অভ্যাস গড়ে তোলার ওপর জোর দিয়েছেন কেন, সে বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫
২. ভারতীয় সংস্কৃতির গোড়ার কথা কী, সে বিষয়ে অমূল্যচরণ বিদ্যাভূষণের বক্তব্য সংক্ষেপে লেখো। ৫
৩. কমেডির সংজ্ঞাসহ পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো। ৫
৪. ওড বা স্ততি কবিতার সংজ্ঞাসহ পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো। ৫
৫. এলিজি বা শোকগীতির সংজ্ঞাসহ পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো। ৫
৬. 'সৌন্দর্যবোধ' প্রবন্ধ অবলম্বনে সৌন্দর্যের সঙ্গে মঙ্গলের সম্পর্কটি সংক্ষেপে আলোচনা করো। ৫

বিভাগ - গ

(গ) যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

১. 'হে মহর্ষে! আপনি कहিলেন যে, কলিয়ুগে বাবু নামে এক প্রকার মনুষ্যেরা পৃথিবীতে আবির্ভূত হইবেন।'—বক্তা কে? এখানে বক্তা কাকে 'আপনি' বলে সম্বোধন করেছেন? ১+১
২. 'বই পড়ার শখটা মানুষের সর্বশ্রেষ্ঠ শখ হলেও আমি কাউকে শখ হিসেবে বই পড়তে পরামর্শ দিতে চাই নে।'—এই পরামর্শ না দেওয়ার কারণদুটি লেখো। ২
৩. 'সকল প্রাচীন সভ্যতার মধ্যে মাত্র একটি বাঁচিয়া আছে।'—এটি কোন প্রবন্ধের অংশবিশেষ? এখানে কোন সভ্যতার কথা বলা হয়েছে? ১+১
৪. ট্র্যাজেডির সংজ্ঞা দাও। ২
৫. আঞ্চলিক উপন্যাসের দুটি বৈশিষ্ট্য লেখো। দুটি বাংলা আঞ্চলিক উপন্যাসের নাম লেখো। ১+১
৬. গীতিকবিতার শ্রেণিবিভাগ করো। ২
৭. 'ভারতবর্ষের এই প্রাচীন উপদেশের কথা তুলিতে গেলে অনেকের মনে এই তর্ক উঠিবে, এ যে বড়ো কঠোর সাধনা।'—এখানে কোন প্রাচীন উপদেশের কথা বলা হয়েছে? ২
৮. বাংলা ভাষায় রচিত কয়েকটি কমেডির উদাহরণ দাও। ২